কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের এপ্রিল/২০২০ খ্রি: মাসের সাধারণ সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ০৮-০৪-২০২০ খ্রিঃ রোজ : বুধবার সময় : সাকল ১০.০০ ঘটিকা
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

| ক্র: নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম সন্ধ্যা রাণী দেব | সংরক্ষিতমহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম স্বপ্না বেগম | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত |
| ০৪ | বেগম মোছা: আছিয়া খাতুন | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তৈয়বুর রহমান | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মামুন রশিদ সেলিম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: শামছুন নূর | সাধারণ সদস্য | ৪নং | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: রইছ মিয়া | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: বাবুল মিয়া | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: নুরুল ইসলাম | সাধারণ সদস্য | ৭ নং | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আব্দুস ছোবান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আজিম উদ্দিন | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত |

আলোচ্যসূচী:
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলা সংক্রান্ত আলোচনা।
৩। ত্রাণ কায (নগদ) ও ত্রাণ কায (চাল) বিতরণের ওয়ার্ড ভিত্তিক অগ্রাধিকার তালিকা প্রলয়ন প্রসঙ্গে।
৪। বিবিধ।

| ক্র: নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২ | সারাবিশ্বে করোনা ভাইরাসের সংক্রমণ দেখা দিয়েছে। বাংলাদেশে সরকার করোনা ভাইরাস মোকাবেলায় নানাবিধ প্রতিরোধমূলক প্রক্রিংয়া গ্রহণ করেছে। প্রতিরোধমূলক কাযক্রমের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নতা ও হ্যান্ড স্যানিটাইজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। স্থানীয় পযায়ে হ্যান্ড স্যানিটাইজার অপ্রতুল ও মূল্য বেশি হওয়ায় তা ব্যবহার করা যাচ্ছে না। এ ক্ষেত্রে সরকারী পরামর্শ মেনেিইথানল বা ইথাইল অ্যালকোহল-১৬০ মি:লি, গ্লিসারিং ১০ মি: লি:, সাইট্রাল ১০ ফোটা, পানি ৩০ মি:লি: সংমিশ্রণে হ্যান্ড স্যানিটাইজার তৈরি করা যেতে পারে । এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং মাদকদ্রব্য অফিসের সাথে সমন্বয় করে কাজটি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মাদকদ্রব্য অফিসের সাথে সমন্বয় করে হ্যান্ড স্যানিটাইজার তৈরির কাজটি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মোহনপুর ইউ/পি, জেএসকেএস। |
| ৩ | সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ৩১/০৩/২০২০ তারিখের ভিডিও কনফারেন্স মোতাবেক করোনা ভাইরাস মোকাবেলায় ত্রাণ সহায়তা উপকারভোগীদের তালিকায় দিনমজুর, রিক্সা/ভ্যান চালক, পরিবহন | পত্রের নির্দেশনা মোতাবেক তালিকা প্রণয়নের সর্বসম্মত | ইউ/পি সদস্য সকল, মোহনপুর |

| | | | |
|---|---|---|---|
| | শ্রমিক, রেস্টুরেন্ট শ্রমিক, মৎসজীবী, দোকান শ্রমিকদের নাম অন্তর্ভূক্ত করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পত্রটি সভায় উপস্থাপন করা হয় এবং পত্রের নির্দেশনা মোতাবেক তালিকা প্রণয়নের সর্বস্মমত সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ, |
| ৪ | বিবিধ আলোচনায় সভাপতি বলেন-করোনা মোকাবেলায় অস্বচ্ছল ব্যক্তিদের নামের তালিকা তৈরি ও মাইকভাড়া বাবদ উদ্যক্তা জাহাঙ্গীর আলমকে ৫০০০/- পাঁচ হাজার টাকা মাত্র প্রদান করা হয়েছে। মার্চ/২০২০ মাসে ট্রেড লাইসেন্স বাবদ মোট ১৬১০/- টাকা আদায় হয়েছে। ইউ/পি অফিসের মে/২০১৯ থেকে অক্টোবর/২০১৯ মাসের ভাড়া বাবদ ৩০০০০/-, করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতায় প্রচারাভিযানে ১৫০০০/ টাকা, প্রকল্প বাস্তবায়নে ২০০০০/- টাকা এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে মোট ৭৭৪৭৯/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে বিবিধ বিষয়সমূহ সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদীত হয়। | চলতি মাসের আয় ও ব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদীত হয়। | |

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সু

স্মারক নং: /২০২০

তারিখঃ ০৮/০৪/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।